

জীবন পরিত্রমা

মনে কর তোমার সঙ্গে
জলের নিচে ডুব দিয়েছি
হাতের মুঠোয় ফুলের রেণু

মনে কর তোমার সঙ্গে
সারাটা দিন পথে পথে
সারা দেহ ধূলোয় ধূলোয় বাজছে রেণু

মনে কর তোমার সঙ্গে
রংপূর্ণতা নীল বাংলায় একটি বাঢ়ি
চাতাল নেই, জানালা নেই, বাতাস-বাতাস
শুধুই খাড়াই উঠে গেছে একটা জীবন
এই পাড়ে সেই পদমূলে
ধ্যান ধারণা - রংমাংস - শিকড় বাকড়
তোমার আমার অমলকাণ্ঠি ছবি জুড়ে
হেমন্তে এক পাখি এসে ডিম পেড়ে যায়

মনে কর তোমার সঙ্গে
পুণ্যজলে বৈতরণী-এক জীবনের অন্ধজলে
অঁধারে কোন বর্ণমালায়-'
থামতে পারি ! ভাসতে পারি !

তোমার সঙ্গে আমিও এক
ছিন্নভুবন - মঞ্চস্থিতি
ছায়া-ছায়া ঘূমের দেশে আলোকপাড়ে সহচরী
পানকৌড়ি ডানার নিচে তন্দ্রা আলোর উঁকিবুঁকি
দেহমুক্ত আত্মা হয়ে দুজনাতেই দাঁড়িয়ে থাকি

শ্যামলকাণ্ঠি ভট্টাচার্য

